

গ্লেনফিল্ড মেলায় কাম্বেলটাউন বাংলা স্কুল পরিবেশিত এক টুকরো বাংলাদেশ

কামরুন নাহার নিপাঃ নিজের দেশের সাথে মানুষের নাড়ির টান কখনো মুছে যাবার নয়। দেশের মাটি থেকে অনেক দূর-প্রবাসে বসবাস করেও যে সব মানুষ তার ঐতিহ্য, দেশীয় সংস্কৃতিকে ভুলে যাননি এমন কিছু অনন্য মানুষদের ভালোবাসার প্রকাশ কাম্বেলটাউন বাংলা স্কুল। জীবনের প্রয়োজনে যারা দেশ থেকে দূরে প্রবাসে বসবাস করেন তাদের পরবর্তী প্রজন্মকে দেশের সাথে



পরিচয় ঘটানো, নিজেদের ইতিহাস-ঐতিহ্যকে মনে লালন করা, সর্বোপরি মাতৃভাষা বাংলার সাথে আত্মিক যোগাযোগ প্রতিষ্ঠা করাই মূলত কাম্বেলটাউন বাংলা স্কুল এর লক্ষ্য। বাংলাদেশী অস্ট্রেলিয়ান ওয়েলফেয়ার সোসাইটি আয়োজিত মেলা ২০১১ অনুষ্ঠিত হয়ে গেল গ্লেনফিল্ড মাঠে। কাম্বেলটাউন বাংলা স্কুল সেই অনুষ্ঠানে একটি মনোজ্ঞ বাংলা লোকজ ফ্যাশন প্যারেড পরিবেশন করে। স্কুলের ছোট ছোট ছেলেমেয়েদের এমন মনোমুগ্ধকর পরিবেশনায় মেলার মাঠে কিছু সময়ের জন্য এক টুকরো বাংলাদেশ ফুটে উঠেছিল। স্কুলের শিক্ষার্থীরা লোকজ, ঐতিহাসিক এবং সমসাময়িক কিছু চরিত্র ফুটিয়ে তুলতে সক্ষম হয়। প্রথমে মঞ্চের প্রবেশ করে কৃষাক-কৃষাণি বেশে সজ্জিত মৌমিত-শারিকা। এরপর একে একে জেলে-জেলেনী রূপে সালমান-তাসমিয়া, বাউল-বাউলিণী বেশে শিফান-শালিনী, মুক্তিযোদ্ধা রূপে জোনাক, ইশান, প্রহর এবং মন, ঘটক বেশে শায়ের, দাদা-দাদী রূপে রাইসা-ইকরা, বর-বধু বেশে রিয়ানা, তামজিদ, রায়ান এবং লামি, সবশেষে বাংলাদেশের ক্রিকেটার রূপে রওনক, শায়ের, মন এবং শিফান। মঞ্চের শিক্ষার্থীরা বাংলা লোকজ গানের সুরের তালে ডিসপ্লে প্রদর্শন করে। ফ্যাশন প্যারেড শেষে বাংলা স্কুল এর আরেক শিক্ষার্থী সিলমা একটি সাউতালি নাচ নিয়ে দর্শকদের মাতিয়ে তুলে। সব মিলিয়ে শিক্ষার্থীদের পরিবেশনা এবং সুন্দর উপস্থাপনার জন্য স্কুলের শিক্ষক এবং স্কুলের পরিচালনা কমিটি সকলের সাধুবাদ অর্জন করেন।